



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
গবেষণা ও পরিসংখ্যান বিভাগ।

ফোন নং: ০২-২২৩৩৫৬১২০
০২-২২৩৩৮৯১৬৯
Email: dgmrtd@krishibank.org.bd

গবে ও পরি/প্রশা-৭১ (বিকেবি নির্বাহী কমিটি)/২০২২-২৩/৫৭৪

তারিখ: ০৭/০২/২০২৩

উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল কর্পোরেট শাখা
ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ফসল ও প্রধান কৃষি খাতসমূহে ঋণ বিতরণে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নির্দেশনা।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগ কর্তৃক প্রতি বছর কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করে থাকে। এই নীতিমালায় আশানুরূপ জিডিপি প্রবৃদ্ধি অর্জনে কৃষি ও গ্রামীণ উন্নয়ন সহায়ক কার্যক্রম বাস্তবায়নে ঋণের খাত/উপখাত, কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা, ফসল উৎপাদন খরচের ভিত্তিতে ঋণের পরিমাণ, ফসল উৎপাদনের পঞ্জিকা ও ঋণ পরিশোধ সূচি অন্তর্ভুক্ত থাকে। ব্যাংকের মুদ্রিত ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ সকল শাখা ও নিয়ন্ত্রণকারী কার্যালয়ে সংরক্ষিত থাকার পাশাপাশি সকল ম্যানুয়েল এবং পরবর্তীতে জারীকৃত নীতিমালাসমূহ ওয়েবসাইটে প্রকাশিত রয়েছে। কৃষি ঋণ বিতরণ কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে ফসল ও প্রধান কৃষি খাতসমূহের ঋণ নিয়মাচার অন্তর্ভুক্ত করে ২২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক নির্বাহী কমিটির ১২৯তম সভার সদয় সিদ্ধান্ত অনুযায়ী এই নির্দেশনা জারি করা হলো।

০২। ফসল উৎপাদনের ঋণ নিয়মাচারঃ বাংলাদেশ ব্যাংকের বার্ষিক কৃষি ও পল্লী ঋণ কর্মসূচি অনুযায়ীঃ

ক্রমিক নং	ফসলের নাম	ঋণ বিতরণকাল	ঋণ পরিশোধের স্বাভাবিক সময়সীমা	একর প্রতি সর্বোচ্চ ঋণের পরিমাণ (টাকায়)	
				জমির ভাড়া সহ	জমির ভাড়া ব্যতীত
১	আউশ(উফশী)	১ ফেব্রুয়ারী-৩১ মে	১ সেপ্টেম্বর-৩১ ডিসেম্বর	৫৫৯০৫	৪৮৯০৫
২	রোপাআমন(উফশী)	১ জুন-৩১ সেপ্টেম্বর	১ জানুয়ারি-৩১ মার্চ	৫৬১৪০	৪৯৬৪০
৩	বোরো (উফশী/হাইব্রিড)	১ অক্টোবর-১৫ মার্চ	১ জুলাই-৩০ সেপ্টেম্বর	৭৮৩৭৫	৭০৮৭৫
৪	গম	১ নভেম্বর-১৫ ডিসেম্বর	১ মার্চ-৩০ জুন	৫৩৭৮৫	৪৭২৮৫
৫	ভুট্টা(রবি)	১ অক্টোবর-১৪ নভেম্বর	১৫ এপ্রিল-১৫ জুন	৪৪১৫০	৩৮৬৫০
৬	পাট	১৫ ফেব্রুয়ারি-৩০ এপ্রিল	১৫ সেপ্টেম্বর-১৫ নভেম্বর	৪২৩৭০	৩৯০৭০
৭	আঁখ	১ অক্টোবর-৩১ মার্চ	১ মার্চ-৩১ মার্চ	৬৬৯০৩	৬০৪০৩
৮	পেঁয়াজ	১ নভেম্বর-৩১ ডিসেম্বর	১ জুন-৩১ জুলাই	৯০৬০০	৭৫৬০০
৯	আদা	১ নভেম্বর-৩০ জুন	১ অক্টোবর-৩১ জানুয়ারি	১০৬৬৬১	১০১১৬১
১০	হলুদ	১ মার্চ-৩০ এপ্রিল	১ জুন-৩০ জুন	১১৯৪৫৩	১১৩৯৫৩
১১	তরমুজ	১৫ অক্টোবর-৩১ জানুয়ারি	১ জুন-৩১ অক্টোবর	৫২০২৯	৪৬৫২৯
১২	আলু(উফশী)	১ সেপ্টেম্বর-৩১ ডিসেম্বর	১ এপ্রিল-৩০ আগস্ট	৭৫৩৯০	৬৯৮৯০
১৩	সরিষা (উফশী)	১ অক্টোবর-৩০ নভেম্বর	১ এপ্রিল-৩০ জুন	৩২৭৫৬	২৯৪৫৬
১৪	সূর্যমুখী (রবি)	১ অক্টোবর-১৫ নভেম্বর	১ এপ্রিল-৩১ জুলাই	২৭৪০৯	২৪১০৯
১৫	মুগডাল (রবি)	১ অক্টোবর-১৫ নভেম্বর	১ মার্চ-১ আগস্ট	২৬০৯৪	২২৭৯৪
১৬	পান	সারাবছর	ফসল সংগ্রহ হতে পরবর্তী ৬ মাস	৬৫৪০০০	৬২৭০০০
১৭	কলা	সারাবছর	ফসল সংগ্রহের পর থেকেই	১৩২৬৫৪	১২২৬৫৪
১৮	পেঁপে	সারাবছর	ফসল সংগ্রহের পর থেকেই	১২৪৬৭২	১১৪৬৭২
১৯	মরিচ	সারাবছর	ফসল সংগ্রহ হতে পরবর্তী ৩ মাস	৫২৬৪৫	৪৭১৪৫
২০	লেবু	সারাবছর	ফসল সংগ্রহের পর থেকেই	৬৯৩০৫	৫৫৩০৫
২১	নেপিয়ার ঘাস	সারাবছর	ফসল সংগ্রহের পর থেকেই	১০৬৬৬১	১০১১৬১

শুধুমাত্র শস্য বন্ধকীর বিপরীতে ঋণ প্রদানের সীমা আঁখ ও আলু (উফশী) তে ২.৫০ একর এবং অন্যান্য সকল ফসলে সর্বোচ্চ ৫ একর।

০৩। বাংলাদেশ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি অনুসারে ফসল উৎপাদনের জন্য একজন কৃষককে আঁখ ও আলু (উফশী)র ক্ষেত্রে ২.৫০ একর এবং অন্যান্য সকল ফসলে সর্বোচ্চ ১৫ বিঘা (৫ একর বা ২ হেক্টর) জমি চাষাবাদের জন্য জামানত বিহীন তথা মর্টগেজ ব্যতিরেকে ঋণ প্রদান করা যায়। ইতোমধ্যে নারী উদ্যোক্তাগণের জন্য ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানত বিহীন ঋণ প্রদানের সুযোগ রেখে ০৫.০৭.২০২১ তারিখে নীতিমালা জারি করা হয়েছে। তদুপরি, ব্যাংকের ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ মোতাবেক নিম্নোক্ত খাতসমূহে নির্দিষ্ট সীমা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান করা হয়ঃ

ক) মৎস্য উৎপাদন : সহায়ক জামানত গ্রহণ ব্যতীত অন্যান্য শর্তাবলী পরিপালনপূর্বক ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে। শুধুমাত্র পরিচালন ব্যয় (পোনা ক্রয়, খাদ্য সরবরাহ, অন্যান্য খরচ, ঔষধ ইত্যাদি) বাবদ মোট উৎপাদন খরচের ৭০% স্বল্প মেয়াদে চলতি মূলধন আকারে ঋণ প্রদান করা যাবে। মধ্য মেয়াদে পুকুরে মৎস্য চাষের ক্ষেত্রে মূলধন ব্যয় এর সাথে -

পরিচালন ব্যয় যোগ করে মোট ব্যয়ের ৬০% ঋণ প্রদান করা যাবে। ঋণ মঞ্জুরি, জামানত গ্রহণ, দলিলায়ন, ঋণ বিতরণ, সুদের হার, ঋণ পরিশোধ ও সদ্যবহার যাচাই ব্যাংকের প্রচলিত নিয়মে সম্পাদন করতে হবে (ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অনুচ্ছেদ ৫.০৫)।

- খ) গরু মোটাজাকরন : ২.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান করা যাবে। অধিক ঋণের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত নিয়মে সহায়ক জামানত গ্রহণ করে বন্ধকি দলিল সম্পাদন করতে হবে (ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল ২০১৯ এর অনুচ্ছেদ ৫.০৬.০২ এবং ৫.০৬.০৩)।
- গ) ছাগল পালন : ৬-৯ মাস বয়সের ছাগল ক্রয় করে পালনপূর্বক মাংস উৎপাদনের জন্য সর্বোচ্চ ঋণসীমা মোট খরচের ৭০%; ০.৫০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান করা যাবে (ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল ২০১৯ এর অনুচ্ছেদ ৯.০৩)।
- ঘ) পোল্ট্রি খাত : ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান করা যাবে। ব্রয়লার মুরগি (মাংস উৎপাদনের জন্য) পালনের জন্য চলতি মূলধন আকারে মোট খরচের ৭০% ঋণ প্রদান করা যাবে। লেয়ার মুরগি (ডিম উৎপাদনের জন্য) পালনের জন্য মেয়াদি ঋণের ক্ষেত্রে মোট ব্যয়ের ৬০% এবং চলতি মূলধন ঋণের ক্ষেত্রে মোট খরচের ৭০% ঋণ প্রদান করা যাবে। এ বিষয়ে বিস্তারিত ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল ২০১৯ এর অনুচ্ছেদ ৫.০৬.০৭ এবং ৫.০৬.০৬ এ সন্নিবেশিত রয়েছে। হাঁস পালনের ক্ষেত্রে ব্রয়লার মুরগি ও লেয়ার মুরগি পালন সংক্রান্ত নিয়মাচার প্রযোজ্য হবে।

০৪। কৃষি ও পল্লী ঋণ বিতরণের ক্ষেত্রে লক্ষ্যণীয় যে,

- ক) কৃষি ও পল্লী ঋণের আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র ও কৃষি উপকরণ সহায়তা কার্ডের বিপরীতে মাত্র ১০ টাকা জমা গ্রহণপূর্বক খোলা একাউন্টধারী কৃষকদের পাশবই/ব্যাংক হিসাব বিবরণীর ভিত্তিতে এবং কৃষি উপকরণ সহায়তা কার্ড না থাকলে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ব্যক্তির দেয়া প্রত্যয়নপত্র প্রকৃত কৃষক সনাক্তকরণের কাজে ব্যবহার করা যেতে পারে।
- খ) কৃষি কাজে সরাসরি নিয়োজিত প্রকৃত কৃষকগণ কৃষি ঋণ প্রাপ্তির যোগ্য। পল্লী অঞ্চলে আয় উৎসারী কর্মকাণ্ডে জড়িত ও ক্ষুদ্র, প্রান্তিক কৃষক, ভূমিহীন ও বর্গাচাষিসহ অন্যান্য কৃষকদের সহজ পদ্ধতিতে একক বা দলবদ্ধভাবে কৃষি ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে হিসাব খোলার সময় সকল কৃষকদের ক্ষেত্রে সেক্টর কোড 901009 হবে।
- গ) কৃষি ও পল্লী ঋণের আবেদন ফরম সম্ভাব্য ঋণগ্রহীতা কৃষকদের জন্য সহজলভ্য করার লক্ষ্যে প্রযোজ্য সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঋণের আবেদন নিষ্পত্তিকরণের সময়সীমা আবেদনপত্র জমার দিন হতে সর্বোচ্চ ১০ কর্মদিবস।
- ঘ) সকল প্রকার কৃষি ও পল্লী ঋণে নির্ধারিত সুদ ব্যতীত কোন প্রকার প্রসেসিং ফি/মনিটরিং ফি ইত্যাদি ধার্য করা যাবে না।
- ঙ) এসিডি সার্কুলার লেটার-২ তারিখঃ ০৩ ডিসেম্বর, ২০১৮ মোতাবেক যে কোন অঙ্কের সকল বকেয়া শস্য ও ফসল ঋণের ক্ষেত্রে সিআইবিতে রিপোর্ট করতে হবে; তবে নতুন মঞ্জুরি বা নবায়নের জন্য ২.৫ লক্ষ টাকা পর্যন্ত স্বল্পমেয়াদী শস্য ঋণের ক্ষেত্রে সিআইবি রিপোর্ট সংগ্রহের প্রয়োজন নেই।

০৫। উল্লিখিত বিষয়াবলীর আলোকে কৃষি ঋণ বিতরণ বেগবান করার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,




(মোহাম্মদ আহাদ খান)

উপমহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা;
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক;
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, পত্রটি অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ;
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক;
- ০৬। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক;
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক;
- ০৮। নথি/মহানথি।



(নূর মোহাম্মদ মোল্লা)

সহকারী মহাব্যবস্থাপক